# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের দু’রাকআত (সুন্নাত) সংক্ষিপ্ত করা এবং তাতে নবী (ﷺ)_এর কিরআত।

## باب مَا جَاءَ فِي تَخْفِيفِ رَكْعَتَىِ الْفَجْرِ وَمَا كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقْرَأُ فِيهِمَا

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، وَأَبُو عَمَّارٍ قَالاَ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ مُجَاهِدٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ رَمَقْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم شَهْرًا فَكَانَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ بِـ : (يَا أَيُّهَا الْكَافِرُونَ ) وَ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ) قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَنَسٍ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ عَبَّاسٍ وَحَفْصَةَ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ وَلاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ الثَّوْرِيِّ عَنْ أَبِي إِسْحَاقَ إِلاَّ مِنْ حَدِيثِ أَبِي أَحْمَدَ وَالْمَعْرُوفُ عِنْدَ النَّاسِ حَدِيثُ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي أَحْمَدَ عَنْ إِسْرَائِيلَ هَذَا الْحَدِيثُ أَيْضًا . وَأَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ ثِقَةٌ حَافِظٌ . قَالَ سَمِعْتُ بُنْدَارًا يَقُولُ مَا رَأَيْتُ أَحَدًا أَحْسَنَ حِفْظًا مِنْ أَبِي أَحْمَدَ الزُّبَيْرِيِّ . وَأَبُو أَحْمَدَ اسْمُهُ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ الْكُوفِيُّ الأَسَدِيُّ .

বাংলা

৪১৭. মাহমূদ ইবনু গায়লান ও আবূ আম্মার ..... ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি একমাস পর্যন্ত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে লক্ষ্য করেছি। তিনি ফজরের পূর্বের দু’রাক’আতে ’কুল ইয়া আয়্যূহাল কাফিরূন’ এবং ’কুল হুওয়াল্লাহু আহাদ’ পাঠ করতেন। - ইবনু মাজাহ ১১৪৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৪১৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসউদ, আনাস, আবূ হুরায়রা, ইবনু আব্বাস, হাফসা ও আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। সাওরীর বরাতে আবূ ইসহাকের রিওয়ায়াতে আবূ আহমাদের সনদে ব্যতীত আছে কিনা আমরা জানি না। হাদীসবিদগণের নিকট প্রসিদ্ধ হ’ল ইসরাঈলের সূত্রে আবূ ইসহাকের রিওয়ায়াত। আহমদ ... ইসরাঈল (রহঃ) সূত্রেও এই হাদীসটি বর্ণিত আছে। আবূ আহমদ যুবায়রী হাদীস বর্ণনায় বিশ্বস্ত। রাবী বলেনঃ আমি বুন্দারকে

বলতে শুনেছি, আবূ আহমদ যুবায়রী থেকে অধিক স্মরণশক্তিসম্পন্ন আমি আর কাউকে দেখিনি। আবূ আহমদ আয্-যুবায়রী বিশ্বস্ত ও হাফিযুল হাদীস রাবী। তাঁর নাম হ’ল, মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ ইবনু আয্-যুবায়র, আল-কূফী আল-আসা’দী।

## English

Ibn Umar narrated:
"I watched the Prophet (S) for a month. In the two Rak'ah before Fajr he would recite: Say: "O you disbelievers!" and Say: "Allah is One"."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17606

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন